

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
ডব্লিউটিও সেল

বিজ্ঞপ্তি

তারিখ : ১০ জুন, ২০২০

নং ২৬.০০.০০০০.১৩৫.৯৩.০২৬.১৬-৪৪—নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার এতদসংগে সংযুক্ত “জাতীয় ডিজিটাল কমার্স (সংশোধিত) নীতিমালা-২০২০” অনুমোদন করেছেন। তা এতদ্বারা প্রকাশ করা হলো।

২.০ জাতীয় ডিজিটাল কমার্স (সংশোধিত) নীতিমালা-২০২০ অবিলম্বে কার্যকর হবে।

এস এম নাজিয়া সুলতানা  
সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব)।

(৫৭৬১)  
মূল্য : টাকা ৪.০০

## প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/১০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

নং ২৬.০০.০০০০.১৩৩.৯৩.০২৬.১৯-০৪—এর নির্দেশের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮' এর ক্রমিক ৩.৯ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ সংশোধন করা হলো, যথা :

## ১.১ সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

ক. সংক্ষিপ্ত শিরোনাম : এ নীতিমালা 'জাতীয় ডিজিটাল কমার্স (সংশোধিত) নীতিমালা ২০২০' নামে অভিহিত হবে।

খ. প্রয়োগ : এটি সমগ্র বাংলাদেশে প্রয়োগ হবে।

গ. প্রবর্তন : এটি অবিলম্বে কার্যকর হবে।

৩.৬.৭. ক্রমিকের "ডিজিটাল কমার্স খাতে বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান প্রতিপালন করতে হবে; তবে বিদেশী ডিজিটাল কমার্স ইন্ডাস্ট্রি দেশীয় কোনো ইন্ডাস্ট্রির সাথে যৌথ বিনিয়োগ ব্যতীত এককভাবে ব্যবসা পরিচালনা করতে পারবে না এবং দেশীয় ডিজিটাল কমার্স ইন্ডাস্ট্রির স্বার্থসমূহকে প্রাধান্য দেয়া;" এর পরিবর্তে "ডিজিটাল কমার্স খাতে বৈদেশিক বিনিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান প্রতিপালন করতে হবে;" প্রতিস্থাপিত হবে।

## ৩.৯ নীতিমালা সংশোধন

'নীতিমালায় ভবিষ্যতে কোনো ধরনের সংশোধন বা পরিমার্জনের আবশ্যিকতা প্রতীয়মান হলে বাণিজ্য মন্ত্রণালয় আন্তঃমন্ত্রণালয় সভার পরামর্শক্রমে তা সম্পাদন করবে' এর পরিবর্তে 'ভবিষ্যতে নীতিমালাটি সংশোধন বা পরিমার্জনের আবশ্যিকতা প্রতীয়মান হলে এ বিষয়ে মন্ত্রিসভার অনুমোদন গ্রহণ করতে হবে' প্রতিস্থাপিত হবে।

৩.১১. কর্মপরিকল্পনা (পরিশিষ্ট-১) এর ক্রমিক নং ৭ বিলুপ্ত হবে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.